শেয়ারবাজারে ইতিবাচক ধারায় বিদেশি বিনিয়োগ

দেশের শেয়ারবাজারে ইতিবাচক ধারায় রয়েছে বিদেশি বিনিয়োগ। যেখানে বিদেশিরা বিক্রেতার চেয়ে ক্রেতা হিসেবে বেশি সক্রিয় রয়েছেন। সদ্য সমাপ্ত সেপ্টেম্বর মাসে দেশের শেয়ারবাজারে বিদেশি লেনদেনের পরিমাণ ছিল প্রায় ৯৪৭ কোটি টাকা। যার মধ্যে শেয়ার কেনার পরিমাণ ছিল ৫৬০ কোটি ৫১ লাখ টাকা। আর শেয়ার বিক্রির পরিমাণ ছিল ৩৮৬ কোটি টাকার। গত আগস্টে শেয়ারবাজারে বিদেশি লেনদেনের পরিমাণ ছিল প্রায় ৮৩৩ কোটি টাকা। সেই হিসাবে আগস্টের চেয়ে সেপ্টেম্বরে শেয়ারবাজারে বিদেশি লেনদেনে প্রায় ১৪ শতাংশ প্রবৃদ্ধি হয়েছে। ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই) সূত্রে এ তথ্য জানা গেছে।এসইর তথ্য অনুযায়ী, ক্রয়-বিক্রয়ের যোগ-বিয়োগ শেষে গত মাসে শেয়ারবাজারে প্রকৃত বিদেশি বিনিয়োগের পরিমাণ দাঁড়ায় প্রায় ১৭৪ কোটি টাকা। আগস্টে যার পরিমাণ ছিল প্রায় ৩২ কোটি টাকা। আগস্টে শেয়ারবাজারে বিদেশিদের ক্রয়-বিক্রয়ের পরিমাণ ছিল প্রায় কাছাকাছি। এ কারণে প্রকৃত বিনিয়োগের পরিমাণ কম ছিল। তবে গত মাসে কেনার চেয়ে বিক্রির পরিমাণ কম থাকায় প্রকৃত বিনিয়োগ বেড়েছে।http://www.prothom-alo.com

এক দরজায় সেবা আগামী বছরের মাঝামাঝি থেকে

দেশি-বিদেশি বিনিয়োগকারীদের আকাঙ্ক্ষিত এক দরজায় সব সেবা বা ওয়ান স্টপ সার্ভিস (ওএসএস) আগামী বছরের মাঝামাঝি থেকে পরীক্ষামূলকভাবে চালু করা হবে। এটি চালুর জন্য ওয়ান স্টপ সার্ভিস আইন সংসদে পাস হওয়ার অপেক্ষায় রয়েছে। এরই মধ্যে আইনটির অধীনে বিধিমালা চূড়ান্ত করা হয়েছে। এর কারিগরি দিক নিয়ে কাজ করছে বহুজাতিক সংস্থা বিশ্বব্যাংকের একটি দল। পুরো কার্যক্রমে অর্থেরও কোনো সংকট নেই।বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের (বিডা) নির্বাহী চেয়ারম্যান কাজী মো. আমিনুল ইসলাম গতকাল সোমবার এক সংবাদ সম্মেলনে এসব কথা জানিয়েছেন। ওয়ান স্টপ সার্ভিস নিয়ে এক কর্মশালা শেষে রাজধানীর সোনারগাঁও হোটেলে এই সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।বিশ্বব্যাংকের সহজে ব্যবসা সূচক বা ডুইং বিজনেস ইনডেক্সে উন্নতির অংশ হিসেবে সরকার ওয়ান স্টপ সার্ভিস চালুর উদ্যোগ নিয়েছে।http://www.prothom-alo.com

ব্যবসা সম্প্রসারণে ২০ কোটি টাকা সংগ্রহ করবে ইন্দো-বাংলা ফার্মা

প্রাথমিক গণপ্রস্তাবের (আইপিও) মাধ্যমে পুঁজিবাজার থেকে ২০ কোটি টাকার মূলধন সংগ্রহ করবে ওষুধ ও রসায়ন খাতের কোম্পানি ইন্দো-বাংলা ফার্মাসিউটিক্যালস লিমিটেড। সংগৃহীত অর্থে কারখানা, প্রশাসনিক ভবন, গুদাম ও গ্যারেজ নির্মাণ, যন্ত্রপাতি ক্রয় এবং আইপিও খাতে ব্যয় করবে কোম্পানিটি। গতকাল বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের (বিএসইসি) ৬১৩তম সভায় এ কোম্পানির আইপিও অনুমোদন দেয়া হয়।বিএসইসির নির্বাহী পরিচালক মো. আনোয়ারুল ইসলাম স্বাক্ষরিত সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, মূলধন সংগ্রহের লক্ষ্যে পুঁজিবাজারে ১০ টাকা অভিহিত মূল্যে দুই কোটি সাধারণ শেয়ার ইস্যু করবে কোম্পানিটি।ইন্দো-বাংলা ফার্মাসিউটিক্যালসের আইপিও প্রসপেক্টাস পর্যালোচনায় দেখা যায়, বরিশাল সদর উপজেলার কলেজ রোডে কোম্পানিটির কারখানা অবস্থিত। ২০১৪ সালে জুলাইয়ে কারখানায় উত্পাদন শুরু হয়। কোম্পানিটি দেশের বাজারে অ্যান্টিবায়োটিক ছাড়া অন্যান্য ক্যাটাগরির ওষুধ উত্পাদন করে থাকে। তাছাড়া ওষুধ প্রস্তুত করার জন্য প্রয়োজনীয় কিছু রাসায়নিকও উত্পাদন করে তারা। এর বাইরে ভেটেরিনারি ওষুধ উত্পাদন ও বিক্রির অনুমোদনের জন্য আবেদন করেছে ইন্দো-বাংলা ফার্মাসিউটিক্যালস।http://bonikbarta.net

বিনিয়োগের ঝুঁকি কমাবে আর্থিক জ্ঞান

শেয়ারবাজারে বিনিয়োগ সব সময়ই ঝুঁকিপূর্ণ। কম সময়ে বেশি রিটার্ন পাওয়ার আশায় বিনিয়োগ করলে এ ঝুঁকি আরো বেড়ে যায়। তবে আর্থিক জ্ঞান ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা নিয়ে বিনিয়োগ করলে এ ঝুঁকি কমে আসে বলে মন্তব্য করেছেন পুঁজিবাজার বিশ্লেষক ও আর্থিক খাত-সংশ্লিষ্টরা।গতকাল রাজধানীর ফারইস্ট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি মিলনায়তনে বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৭ উপলক্ষে 'বিনিয়োগ ও ঝুঁকি' শীর্ষক আলোচনা সভায় এ কথা বলেন বক্তারা। অনুষ্ঠানের মূল আয়োজক সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিমিডেট (সিডিবিএল)। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স বিভাগের অধ্যাপক ড. মাহমুদ ওসমান ইমাম মূল প্রবন্ধ উপস্থাপন করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সিডিবিএলের চেয়ারম্যান শেখ কবির হোসেন। অন্যদের মধ্যে প্যানেল আলোচনায় অংশ নেন, ডিপোজিটরি সেবাদাতা প্রতিষ্ঠানটির পর্ষদের ভাইস চেয়ারম্যান এ কে এম নুরুল ফজল বুলবুল, উপ-ব্যবস্থাপনা পরিচালক শুভ্র কান্তি চৌধুরী, ফারইস্ট বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর ড. নাজমুল করিম চৌধুরী ও ব্যবসায় অনুষদের ডিন ড. নেসার আহমেদ।http://bonikbarta.net

আগামী মাসে স্মার্ট কার্ড পাবেন করদাতারা

২০৪১ সালে সমৃদ্ধিশালী দেশ প্রতিষ্ঠার রূপকল্প বাস্তবায়নে সবাইকে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) চেয়ারম্যান ও অভ্যন্তরীণ সম্পদ বিভাগের জ্যেষ্ঠ সচিব মো. নজিবুর রহমান। তিনি বলেন, আগামী মাসে নিয়মিত করদাতাদের স্মার্ট কার্ড দেয়া শুরু হবে। এছাড়া করদাতাদের বিশেষ সুবিধা দেয়ার মাধ্যমে কর পরিশোধে সবাইকে উত্সাহিত করা হবে বলে জানান তিনি। গতকাল সিলেট কর অঞ্চল আয়োজিত দিনব্যাপী রাজস্ব সংলাপে প্রধান অতিথির বক্তব্যে এনবিআর চেয়ারম্যান এসব কথা বলেন।মো. নজিবুর রহমান বলেন, জনগণ কর দেয়ার কারণেই বাংলাদেশ এগিয়ে যাচ্ছে। দেশের প্রবৃদ্ধি ত্বরান্বিত হচ্ছে। বিশ্বের কাছে অগ্রসরমাণ দেশগুলোর মধ্যে বাংলাদেশ এখন রোল মডেল। অভ্যন্তরীণ সম্পদের জোগান বাড়ানোর কারণে আমাদের বিদেশনির্ভরতা কমছে। ফলে অতীতের সব রেকর্ড ভঙ্গ করে এগিয়ে যাচ্ছে কর বিভাগ।রাজস্ব বোর্ডের চেয়ারম্যান বলেন, সিলেট থেকেই নিয়মিত করদাতাদের স্মার্ট কার্ড দেয়া শুরু হবে। আগামী মাসে আয়কর মেলায় এ কার্ড প্রদান করা হবে। করদাতাদের গাড়িতে লাগানো থাকবে ট্যাক্স-পেয়ার পরিচায়ক স্টিকার। অফিস-আদালতে তারা অগ্রাধিকার ভিত্তিতে সেবা পাবেন।http://bonikbarta.net

শহরাঞ্চলে বৈষম্য এশিয়ায় ঝুঁকি বাড়াচ্ছে: বিশ্বব্যাংক

এশিয়ার শহরগুলোয় ক্রমবর্ধমান বৈষম্য ঝুঁকিপূর্ণ একটি সামাজিক বিভাজন ডেকে আনতে পারে বলে সতর্ক করেছে বিশ্বব্যাংক। প্রতিষ্ঠানটি শহুরে দরিদ্রদের জন্য আরো বেশি উদ্যোগ গ্রহণ করার জন্য সরকারগুলোকে আহ্বান জানায়। খবর এএফপি।দক্ষিণ-পূর্ব এশিয়ার অর্ধেক অধিবাসী শহরে থাকে এবং দ্রুত নগরায়ণ এর ৬৫ কোটি ৫০ লাখ মানুষকে দারিদ্র্য থেকে মুক্ত হতে সাহায্য করেছে বলেও এক নতুন প্রতিবেদনে জানায় বিশ্বব্যাংক।গোটা দুনিয়ার শহুরে জনগোষ্ঠীর তিন ভাগের এক ভাগ বা ১২০ কোটি মানুষ এ অঞ্চলে বসবাস করে এবং তা বছরে ৩ শতাংশ হারে বাড়ছে। এর মধ্যে প্রায় ১৫ কোটি বস্তিতে থাকে। এর একটি বড় অংশ চীন, ইন্দোনেশিয়া ও ফিলিপাইনে।http://bonikbarta.net

ফের নিম্নমুখী জ্বালানি তেলের বাজার

আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত জ্বালানি তেলের দামে উর্ধ্বগতি পণ্যটির রফতানিকারকদের মধ্যে আশা জাগিয়েছিলো। তবে এটা বেশি দিন স্থায়ী হয়নি। টানা দ্বিতীয় দিনের মতো গতকাল পণ্যটির বাজারে দরপতন অব্যাহত রয়েছে। মূলত আন্তর্জাতিক বাজারে পণ্যটির বাড়তি

সরবরাহ সম্ভাবনার খবরের জের ধরে দরপতন অব্যাহত রয়েছে। বছরের চতুর্থ প্রান্তিকে (অক্টোবর-ডিসেম্বর) পণ্যটির দাম আরো কমতে পারে বলে আশঙ্কা করছেন বিশ্লেষকরা। খবর মার্কেট ওয়াচ ও রয়টার্স।http://bonikbarta.net